

📖 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পানাহারের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

১৬। এক নিঃশ্বাসে পানি পান না করে অন্তত তিন নিঃশ্বাসে পান করবেন

আল্লাহর রসূল (ﷺ) তিন নিঃশ্বাসে পানি পান করতেন এবং বলতেন, “এতে বেশী তৃপ্তি আসে বা পিপাসা নিবারণ হয়, পিপাসার কষ্ট থেকে অথবা কোন ব্যাধি সৃষ্টির হাত থেকে বেশী পরিমাণে বাঁচা যায় এবং হজম, পরিপাক ও দেহের উপকার বেশী হয়।”[1]

তবে তার মানে এই নয় যে, এক নিঃশ্বাসে পানি পান করা বৈধ নয়। বরং উদ্দেশ্য হল, এক নিঃশ্বাসে পান করার চাইতে তিন নিঃশ্বাসে পান করা উত্তম এবং তার উপকারিতার কথা হাদীসে উল্লেখিত হয়েছে।

ফুটনোট

[1]. বুখারী, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০২৮ প্রমুখ

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=6971>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন